কুষ্টিয়ায় ৪-লেন উন্নীতকরণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন উদ্বোধন

ঝিনাইদহ-কুষ্টিয়া-দাশুড়িয়া জাতীয় মহাসড়ক (এন-৭০৪) এর কুষ্টিয়া শহরাংশ ৪-লেন উন্নীতকরণসহ অবশিষ্টাংশ যথাযথ মানে উন্নীতকরণ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে কুষ্টিয়া শহরের মজমপুর গেটে এর ভিত্তি প্রস্তর স্থাপনের উদ্বোধন করেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া ৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ।

তিনি বলেন, জননেত্রী শেখ হাসিনার সার্বিক সহযোগিতায় আমি অবহেলিত কুষ্টিয়াকে মডেল কুষ্টিয়া শহরে পরিণত করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। আগামীতে এই কুষ্টিয়া জেলাকে একটা আধুনিক শহর গড়ে তোলা হবে।

তিনি বলেন, বিগত সরকারের সময়ে কুষ্টিয়া সব দিক থেকেই উন্নয়নে পিছিয়ে ছিল। বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সারাদেশেই উন্নয়ন শুরু করেছেন। এ জেলাকে এগিয়ে নিতে হলে আরও উন্নয়নমূলক কর্মকাণ্ড দরকার। আজকের উদ্বোধনের পর থেকেই এখানে ফোর লেনের কাজ শুরু হবে।

অবহেলিত কুষ্টিয়ার উন্নয়নে সকলের সহযোগিতা চেয়ে তিনি বলেন, কুষ্টিয়ার উন্নয়নে আরও অনেক কিছু করার পরিকল্পনা আছে। আশা রাখি সকলের সহযোগিতা পেলে কুষ্টিয়ার উন্নয়নের ধারা অব্যাহত রাখার চেষ্টা করবো এবং মানুষের সুখ ও শান্তির ব্যবস্থা করার চেষ্টা করবো।

তিনি বলেন, পদ্মা সেতুর ফলে আমাদের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষের জন্য অনেক সুবিধা হবে। অথচ এই পদ্মা সেতু তৈরী করতে গিয়ে প্রধানমন্ত্রীর কাছে এটা একটা চ্যালেঞ্জিং বিষয় ছিলো। এটা নিয়ে অনেক কথা হয়েছিলো। বিএনপির চেয়ারপারসন বেগম খালোদা জিয়া বলেছিলেন জোড়াতালি দিয়ে পদ্মা সেতু হলে গাড়ী চলবো না, ট্রেন চলবো না, ভাইঙ্গি পড়বিনে, অথচ গ্রামের এক মানুষের এখন কথা ব্রীজ খাঁড়াই গেছে। আর এসব সম্শব হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার

Attachments area

যারা মুক্তিযুদ্ধ ও সংবিধান মানে না তাদের কোন ছাড় নেই: ইনু

ইতিহাস ঐতিহ্য মুক্তিযুদ্ধে মীমাংসিত সংবিধানের বিষয়ে কোনো ছাড় দেয়ার সুযোগ নেই বলে জানিয়েছেন তথ্যমন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু।

তিনি বলেন, যেই রাজনৈতিক মোল্লা ও রাজাকাররা ধর্মের নামে স্বাধীনতার বিরোধিতা করে এবং ইতিহাস ঐতিহ্য মুক্তিযুদ্ধ ও সংবিধান মানে না তাদের কোন ছাড় নেই।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় আজাদ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবনের উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বিএনপির নিরবতায় আরেকবার প্র্রমাণ করলো তারা এখনও চিহিৃত রাজনৈতিক মোল্লা, জঙ্গি ও জামাতের সঙ্গে সুগভীর ঐক্যের ভিতরেই আছে।

জিয়াউর রহমান এবং খোদ খালেদা জিয়া সরাসরি বাংলাদেশের মৌলবাদদের বাঁচিয়ে রাখার সুগভীর চক্রান্ত লীপ্ত আছে উল্লেখ করে জাসদ সভাপতি হাসানুল হক ইনু বলেন, বিএনপির নিরবতায় আরেকবার প্র্রমাণ করলো তারা এখনও চিহিৃত রাজনৈতিক মোল্লা, জঙ্গি ও জামাতের সঙ্গে সুগভীর ঐক্যের ভিতরেই আছে।

এসময় জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুর আলিম স্বপন,ভেড়ামারা উপজেলা নির্বহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফসহ স্থানীয় জাসদ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এস এম জামাল, কুষ্টিয়া থেকে।

এই বছরে মেহেরপুরে হাম-রুবেলা টিকা পাবে ১,১৯,৬২৩ জন শিশু

হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন ২০২০ উপলক্ষে জেলা পর্যায়ের সাংবাদিকদের নিয়ে প্রেস কনফারেন্স এর আয়োজন করা হয় ।

বৃহস্পতিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা সিভিল সার্জন অফিসের সম্মেলন কক্ষে এ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। প্রেস কনফারেন্সে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দিন। এসময় তিনি বলেন ৯ মাস বয়স থেকে ১০ বছর পর্যন্ত কম বয়সী সকল শিশুদের টিকা প্রদান করা হবে।

এই বছরে মেহেরপুরে লক্ষ্যমাত্রা ১ লক্ষ ১৯ হাজার ৬২৩ জন শিশু। যার মধ্যে ৯ মাস থেকে ৫ বছর পর্যন্ত শিশু রয়েছে ৪৯ হাজার ৬৭৬ জন। এবং ৫ বছর থেকে ১০ বছর পর্যন্ত কম বয়সী শিশু রয়েছে ৬৭ হাজার ৯৪৭ জন।

সংবাদিকা মেহের আমজাদ, মহাসিন আলী,রমিজ আলী প্রমুখ

শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে শতবাধা পেরিয়ে পদ্মা সেতু আজ দৃশ্যমান’

বিশ্বকে অবাক করে দিয়ে নিজস্ব অর্থায়নে ৬ দশমিক ১৫ কিলোমিটার দীর্ঘ স্বপ্নের পদ্মা সেতুর সর্বশেষ স্প্যান আজ দুপুর ১২টা ২ মিনিটে বসানো হয়েছে। এ সেতু নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী উদ্যোগের প্রশংসা করে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ ও বিচক্ষণ নেতৃত্বে শতবাধা অতিক্রম করে পদ্মা সেতু আজ দৃশ্যমান।

তিনি বৃহস্পতিবার সকালে জয়পুরহাট জেলা আওয়ামী লীগের সম্মেলনে

প্রধান অতিথির বক্তব্যের শেষে পদ্মা সেতু বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন। ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্মেলনে যুক্ত হন।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, একজন মানবিক ও সাহসী নেতৃত্বের কারণেই সব অসম্ভবকে সম্ভব করে বাংলাদেশ আজ বিশ্বকে দেখিয়ে দিয়েছে আমরাও পারি।

সেরা করদাতার পুরস্কার পেলেন কুষ্টিয়ার অজয় সুরেকা

জেলা পর্যায়ে সর্বোচ্চ মুল্য সংযোজন কর পরিশোধকারী হওয়ায় সেরা করদাতার সম্মাননাপত্র পেয়েছেন কুষ্টিয়ার গ্রীণ এন্টারপ্রাইজের স্বত্তাধীকারী অজয় সুরেকা।

বৃহস্পতিবার দুপুরে জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ ২০২০ উপলক্ষে কাস্টমস, এ্যাক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোর অঞ্চল আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে অজয় সুরেকার হাতে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাস্টমস হাউস বেনাপোলের কমিশনার মো: আজিজুর রহমান।

২০১৮-১৯ অর্থ বছরে কুষ্টিয়া জেলার সর্বোচ্চ মুল্য সংযোজন কর পরিশোধকারী হওয়ায় তাকে এ সম্মননা প্রদান করা হয়।

কাস্টমস, এ্যাক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোর অঞ্চলের তমিশনার মো: জাকির হোসেনের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাস্টমস, এ্যাক্সাইজ ও ভ্যাট অতিরিক্ত কমিশনার মো: ফজলুল হক, যুগ্ম কমিশনার নাহিদ নওশাদ মুকুল।

উল্লেখ্য, যথাযথ ভ্যাট আদায়ে জনসাধারণকে অধিক সচেতন করতেই প্রতি বছর উদযাপিত হচ্ছে জাতীয় ভ্যাট বা মূসক দিবস। দশমবারের মতো আয়োজিত দিবসের স্লোগান হচ্ছে মুজিববর্ষের অঙ্গীকার, ইএফডিতে

এনবিআর’। ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষে এনবিআর বিভিন্ন কর্মসূচি হাতে নেয়।

দামুড়হুদায় মাস্ক পরিধান না করার জন্য জরিমানা

দামুড়হুদা উপজেলা প্রশাসন মাস্ক পরিধান নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছেন ।

গতকাল বুধবার দামুড়হুদা উপজেলার চিৎলার মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গতকাল বুধবার বিকাল ৩টার দিকে দামুড়হুদার চিৎলা মোড় নামক স্থানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান করোনা মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করতে অভিযান চালায়।

এসময় ১৮৬০ সালের দণ্ডবিধি আইনের ১৮৮ধারায় ১৬ জন ব্যক্তিকে ২হাজার ১৫০ টাকা জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত।

আদালত পরিচালনায় সহযোগিতা করে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের সর্টিফিকেট সহকারী জিহন আলি, দামুড়হুদা মডেল থানার পুলিশ সদস্য।

আলমডাঙ্গায় বিভিন্ন অপরাধে ৪

জনকে জরিমানা

করোনার দ্বিতীয় ধাপ অতিক্রম করলেও জনসাধারণের সচেতনার অভাবের কারণে গুনতে হচ্ছে জরিমানা।

গতকাল বুধবার দুপুর ১টার দিকে পৌর এলাকার পশু হাট প্রাঙ্গণে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি।

আদালতের মাধ্যমে ভেজাল ঔষধ বিক্রয়, প্রকাশে ধুমপান ও মাস্ক না পরার অপরাধে ৪জনকে ১৬শত টাকা জরিমানা করেন।

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮◌ং ওয়ার্ডের উপ-নির্বাচন

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮নং ওয়ার্ডের উপ-নির্বাচন। নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে সকল প্রস্তুতি শেষ হয়েছে। কঠোর নিরাপত্তার মাধ্যমে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে ৪ জন প্রার্থী নির্বাচনে অংশ নেয়।

৮নং ওয়ার্ডে ভাংবাড়িয়া, হারদি ও কুমারী ইউনিয়নের আওতাভুক্ত। এ ওয়ার্ড নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বরেরা ভোটার।

আজ উপ-নির্বাচন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

নির্বাচনে ভোটার সংখ্যা ৩৯ জন। জেলা পরিষদের উপ-নির্বাচনে ৪জন প্রতিদ্বন্দিতা করছেন। এরা হলো-কুমারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, কৃষকলীগ নেতা আশাদুল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান ও হারদী গ্রামের তাজনুর হাসান।

আলমডাঙ্গায় হাসান কাদির’র গণসংযোগ

প্রতিদিনের ন্যায় আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচনে পথসভা ও গণসংযোগ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু। গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কাঁচা বাজার প্রাঙ্গণে এ পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে হাসান কাদির গনু বলেন,‘ এ্ই মাসের মধ্যেই শুরু হচ্ছে রাস্তা, ড্রেন ও পানি সাপ্লাইয়ের কাজ। একই সাথে আলমডাঙ্গা পৌর এলাকার ২৯টি রাস্তার কাজ শুরু হবে। রাস্তা গুলো নির্মাণ করা হলে কারোর আর অভিযোগ করার সুযোগ থাকবে না। এই রাস্তা গুলো অনেক আগে হবার কথা থাকলেও করোনার কারণে পিছিয়ে মানুষের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

নির্বাচনী গণসংযোগে আনসার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা কাঁচামাল ব্যবসায়ী সমিতির সভাপতি ইমরুল কায়েস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারী, মাজেদ ভুঁইয়া, মুদি ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আলাউদ্দিন মিয়া, ওলিউল্লাহ খাঁন, খেদ আলী মেম্বার, ব্যবসায়ী রানা, বাবলু, আজাদ, বাদশা, মনিরুল, মিজান, সামসুল প্রমুখ।

আলমডাঙ্গায় ২৭টি অবৈধ স’মিল!

আলমডাঙ্গায় প্রতিযোগিতা মূলক ভাবে গড়ে উঠেছে ২৭টি অবৈধ স’মিল। আর এসব স’মিল গুলো গিলে খাচ্ছে সামাজিক বনায়নের গাছ। আলমডাঙ্গা অবৈধ স’মিলের শহরে পরিণত হলেও বনবিভাগ রয়েছে এখনও ঘুমিয়ে, এমন অভিযোগ সচেতন মহলের।

দায়িত্বশীল সূত্রে প্রকাশ, সরকারী নির্দেশকে অমান্য করে কোন প্রকার অনুমতি না নিয়েই পৌর এলাকায় ১১টি ও উপজেলার হারদি,

জামজামি, জেহালা, ঘোলদাড়ি, ভাংবাড়িয়া, হারদিসহ ইউনিয়নের বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে আরো অবৈধ ১৬টির মত স’মিল। বনবিভাগকে ম্যানেজ করে সংঘবদ্ধ পাচারকারীরা এসব অবৈধ স’মিলে হাজার হাজার ঘনফুট গাছ চেরাই করে যাচ্ছে। ফলে সামাজিক বনায়নের অস্তিত সংকটের পাশা-পাশি পরিবেশ বিপর্যয়ের আশঙ্ককার কথা জানিয়েছেন নাগরিক সমাজ।

সরজমিন পরিদর্শনে দেখা যায়, আলমডাঙ্গা উপজেলায় প্রতিদিন কোথাও না কোথাও নতুন নতুন স’মিল স্থাপিত হচ্ছে। বলতে গেলে আলমডাঙ্গায় গড়ে প্রতিটি ইউনিয়নে ২টি অবৈধ স’মিল বসানো হয়েছে। যার একটিরও বৈধ কাগজ পত্র কিংবা লাইসেন্স নেই। সম্পূর্ণ অবৈধ ভাবে ক্ষমতাসীন দলের স্থানীয় নেতাদের ছত্রছায়ায় এসব অবৈধ স’মিল গড়ে উঠেছে।

অভিযোগে প্রকাশ, আলমডাঙ্গায় বনবিভাগের জনবল সংকট থাকায় জেলা বনবিভাগের কর্মকর্তাদের মাধ্যমে স’মিল গুলোর লাইসেন্স প্রদান করা হয়। তবে, আলমডাঙ্গায় কোন কর্মকর্তা না থাকার কারণে সহজেই স’মিল নির্মাণ করছে।

সূত্রে আরো জানাযায়-কতিপয় বনবিভাগের কিছু দুর্নীতিবাজ কর্মকর্তাদেরকে মাসিক ও সাপ্তাহিক মাসোহারা বা মোটা অংকের টাকার বিনিময়ে ম্যানেজ করে অবৈধ স’মিল গুলো বসানো হয়েছে। ফলে দীর্ঘদিন ধরে বন বিভাগ ও উপজেলা প্রশাসন রহস্যজনক ভাবে স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করছে না এমন অভিযোগ সচেতন নাগরিক সমাজের।

এ ব্যাপারে জানতে চাইলে, আলমডাঙ্গা রেঞ্জ কর্মকর্তা বলেন, অবৈধ স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করতে উপজেলা আইনশৃঙ্খখলা কমিটির সভায় একাধিকবার উত্থাপন করা হয়েছে।

এলাকাবাসীর প্রশ্ন কোন অদৃশ্য কিংবা কালো হাতের ইশারায় আলমডাঙ্গায় ব্যাঙের ছাতার মত গড়ে উঠা অবৈধ স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করতে বাঁধা হয়ে দাঁড়িয়েছে। নাকি প্রশাসন মোটা অংকের বিনিময়ে ম্যানেজ হয়ে রহস্যজনক ভূমিকায় স’মিল উচ্ছেদ করছে না।